

গোয়েন্দা সংস্থার যৌথ অভিযান

দেড় লাখ নিষিদ্ধ নোটবই জব্দ

নিজস্ব বাতী পরিবেশক

অবশেষে নিষিদ্ধ নোট-পাইড, নকল বই উদ্ধার ও বাজারে বিক্রি হওয়া কিনাকুপার পায়েরই জব্দে অভিযানে নেমেছে জাতীয় নিয়ন্ত্রক ও পাঠাপত্তক বোর্ড (এনসিটিবি)। প্রথম-দিনেই প্রায় দেড় লাখ কপি নিষিদ্ধ নোট-পাইড, নকল বই জব্দ করা হয়েছে। আটক করা হয়েছে চারজনকে। গোয়েন্দা সংস্থা, পুলিশ ও ব্যাবের সহায়তায় এনসিটিবির কর্মকর্তারা গভর্ণমেন্ট রিপেথার্নীর বাংলা বাজার, দুর্গাপুরসহ বিভিন্ন ছাপাখানা ও লাইব্রেরিতে অভিযান পরিচালনা করেন। অভিযানে অংশ নেয়া এনসিটিবির কর্মকর্তা অনিচুর রহমান গতকাল রাতে সংবাদকে জানান, 'পুরান ঢাকার ৪৮নং জাস্টিস পাসমোহন রোডের ওয়েব কিং সিমিটেডে (ছাপাখানা) অভিযান চালিয়ে সেকচার প্রকাশনীর প্রায় ২০ হাজার কপি নিষিদ্ধ নোট-পাইড বই জব্দ করা হয়েছে। এম মধ্যে ডেএনসির গাইড বই ও সতম শ্রেণীর 'একের তেরের সব' এবং বিভিন্ন নোট পাইডের প্রায় দেড় লাখ ফরমেট জব্দ করা হয়েছে।' এনসিটিবির কর্মকর্তারা আরও জানান, 'অভিযানে সেকচার প্রকাশনীর বাবাইখানার ম্যানেজার শমশের আলী এবং নিষিদ্ধ বই বিক্রির দায়ে ওয়েব কিং সিমিটেডের তিন কর্মচারীকে আটক করা হয়েছে। পাশাপাশি ওয়েব কিং সিমিটেডের কারখানা সিলগালা

নোটবই : পৃষ্ঠা : ২ ক :

নোটবই : জব্দ
(১৬ পৃষ্ঠার পর)

করা হয়েছে। এ বিষয়ে এনসিটিবির চেয়ারম্যান শ্রফের মোস্তাফা কামালউদ্দিন গতকাল রাতে সংবাদকে জানান, 'আমরা যৌথ অপারেশন (অভিযান) শুরু করেছি। যতদিন পর্যন্ত বাজারে নিষিদ্ধ নোট-পাইড, নকল বই, ডিও পাইট পাওয়া যাবে, ততদিন অভিযান চলবে। এ বিষয়ে কাউকেই ছাড় দেয়া হবে না।'